# ২০২২

## চতুর্থ সেমেস্টার

## বাংলা - সাধারণ

## পত্র : SEC-B-2

## (ব্যবহারিক বাংলা-২)

## পূর্ণমান - ৮০

*প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*
*উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।*

১। (ক) নিম্নোক্ত বিষয়টি অবলম্বনে অনধিক ৩০০ শব্দে শিরোনামসহ গল্প রচনা করো।

'দশে মিলি করি কাজ' ১০

*অথবা,*

(খ) নিম্নোক্ত বিষয়টি অবলম্বনে অনধিক ৩০০ শব্দে একটি প্রবন্ধ রচনা করো।

অতিমারী ও অনলাইন শিক্ষাব্যবস্থা ১০

২। (ক) বানানের বিবর্তন বলতে কী বোঝো? বাংলা বানানের বিবর্তন ধারা সম্পর্কে সংক্ষেপে লেখো। ১০

*অথবা,*

(খ) পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমি-প্রবর্তিত বাংলা বানানবিধির যে-কোনো পাঁচটি সূত্র দৃষ্টান্তসহ উল্লেখ করো। ১০

৩। (ক) নিম্নোক্ত অনুচ্ছেদটি IPA বা আন্তর্জাতিক ধ্বনিমূলক বর্ণমালায় লিপ্যন্তর করো। ১০

জার্মানির সঙ্গে যুদ্ধ বাধল ফ্রান্সের। রাজ্যের কড়া নিয়ম, পিয়েরকে যুদ্ধে টেনে নিয়ে গেল। ক্যামিল চোখের জল লুকিয়ে বাপকে বললে, কিছু ভয় কোরো না, বাবা। আমাদের এই বাগানকে প্রাণ দিয়ে বাঁচিয়ে রাখব। মেয়েটি তখন হলদে রজনীগন্ধা তৈরি করে তোলবার পরখ করছিল।

*অথবা,*

(খ) আন্তর্জাতিক ধ্বনিমূলক বর্ণমালার (IPA) প্রয়োজনীয়তা বিষয়ে আলোচনা করো। ১০

৪। *যে-কোনো ছয়টি* বিষয়ে সংক্ষেপে আলোচনা করো। ৫×৬

(ক) প্রবন্ধের শ্রেণিবিভাগ

(খ) সামাজিক গল্পের বৈশিষ্ট্য

(গ) তৎসম ও তদ্ভব শব্দের বানান প্রসঙ্গে পশ্চিমবঙ্গ বাংলা অকাদেমির নির্দেশ

Please Turn Over

(ঘ) নীচের বর্ণগুলির রোমীয় রূপ লেখো—
ঙ্, ঞ্, শ্, ষ্, হ্, ক্ষ্, ঐ, ণ, য়, স

(ঙ) নীচের শব্দগুলির শুদ্ধ রূপটি চিহ্নিত করো—
ইঙ্গিত/ঈঙ্গিত, আর্য/আর্য্য, দুর্গা/দূর্গা, অনুমত্যানুসারে/অনুমত্যনুসারে, ভৌগলিক/ভৌগোলিক

(চ) বিদেশি শব্দের বাংলা প্রতিবর্ণীকরণে পশ্চিমবঙ্গ বাংলা অকাদেমির নির্দেশ

(ছ) রোমীয় বর্ণমালায় দীর্ঘ স্বরের বর্ণীকরণ পদ্ধতি (দৃষ্টান্তসহ)

(জ) IPA-তে য-ফলাযুক্ত ধ্বনির লিপ্যন্তর পদ্ধতি (দৃষ্টান্তসহ)।

৫। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও। ১×২০

(ক) IPA পুরো কথাটি কী?

(খ) কালীপদ/কালিপদ— কোন বানানটি ঠিক?

(গ) প্রবন্ধ শব্দের অর্থ কী?

(ঘ) শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের একটি ছোটোগল্পের নাম লেখো।

(ঙ) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের একটি প্রবন্ধগ্রন্থের নাম লেখো।

(চ) প্রথম সার্থক বাংলা ছোটোগল্পের স্রষ্টা কে?

(ছ) একটি উদাহরণ দিয়ে IPA-তে চন্দ্রবিন্দুর ব্যবহারিক প্রয়োগ দেখাও।

(জ) বাংলা বানান সংস্কার নিয়ে ভাবনাচিন্তা করেছিলেন এমন একজন মনীষীর নাম লেখো।

(ঝ) তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের একটি ছোটোগল্পের নাম লেখো।

(ঞ) রোমীয় বর্ণমালায় 'আ' কীভাবে লেখা হয়?

(ট) IPA-তে 'অ্যা' কীভাবে লেখা হয়?

(ঠ) 'বাঁশ' শব্দটি IPA-তে লেখো।

(ড) 'অভিভাবক' শব্দটি রোমীয় হরফে লেখো।

(ঢ) 'চলন্তিকা' অভিধানের সংকলক কে?

(ণ) একটি বাংলা বানান সংস্কারক প্রতিষ্ঠানের নাম লেখো।

(ত) 'ট'-ধ্বনিটি IPA-তে কীভাবে লিখতে হয়?

(থ) রাজা রামমোহন রায়— IPA-তে লেখো।

(দ) রাসসুন্দরী দেবী— রোমীয় লিপিতে লেখো।

(ধ) 'কৃষ্ণ' না 'কৃষ্ন'— কোন্ রূপটিকে পশ্চিমবঙ্গ বাংলা অকাদেমি সুপারিশ করেছে?

(ন) পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমি কত খ্রিস্টাব্দে প্রতিষ্ঠিত হয়েছিল?